



Australian Government
Department of Health

এইজ্‌ড কেয়ার সেক্টরে COVID-19 দ্বারা প্রভাবিতদের জন্য শোক এবং মানসিক আঘাতে সহায়তা

অস্ট্রেলিয়ান সরকার অস্ট্রেলিয়ান এইজ্‌ড কেয়ার সেক্টরে শোক, ক্ষতি এবং মানসিক আঘাতে সহায়তা প্রদানের সেবাগুলোর জন্য তহবিল সরবরাহ করছে। সেবাগুলো আবাসিক এইজ্‌ড কেয়ারের বাসিন্দা, হোম কেয়ার গ্রহীতা, তাঁদের প্রিয়জন এবং এইজ্‌ড কেয়ার কর্মীদের জন্য উপলব্ধ। আপনি এই সেবাগুলো নিজের জন্য ব্যবহার করতে পারেন বা আপনার প্রিয়জন এবং সম্প্রদায়গুলিকে সেগুলো সম্পর্কে জানাতে পারেন।

এগুলো প্রত্যেকের ব্যবহারের জন্য বিনামূল্যে পাওয়া যায়।

এই সমস্ত সংগঠনগুলো মানুষের সংস্কৃতি, ধর্ম, পরিচয় এবং জীবনধারার প্রতি শ্রদ্ধাশীল। আপনার বা প্রিয়জনের যদি কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে **131 450** নম্বরে ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিসে কল করুন। আপনার ভাষা এবং আপনি যে সেবাতে সংযোগ পেতে চান তার জন্য জিজ্ঞাসা করুন।

শোক এবং ক্ষতির জন্য সহায়তা

ফোন কাউন্সেলিং:

অস্ট্রেলিয়ান সেন্টার ফর গ্রিফ অ্যান্ড বিরিভমেন্ট এইজ্‌ড কেয়ার কর্মীদের, এইজ্‌ড কেয়ার প্রদানকারী, ধর্মীয় এবং সম্প্রদায় গোষ্ঠীগুলিকে তাঁদের সম্প্রদায়গুলিকে COVID-19-এর কারণে শোক এবং ক্ষতির জন্য সহায়তা প্রদান করতে সাহায্য করে। আপনার সম্প্রদায়কে কীভাবে সহায়তা করা যায় তার পরামর্শের জন্য **1800 222 200** নম্বরে ফোন করুন।

আপনি যখন কল করবেন, তখন আপনি আপনার বা আপনার প্রিয়জনকে কী সহায়তা করার প্রয়োজন সে ব্যাপারে তাঁদের সাথে কথা বলতে পারেন। এর মধ্যে টেলি-হেলথ (ফোনে বা ভিডিও কনফারেন্সের মাধ্যমে) মাধ্যমে গ্রুপ কাউন্সেলিং বা একজনের প্রতি একজনের কাউন্সেলিং, বা ব্যক্তিগতভাবে উপস্থিত থেকে একজন প্র্যাকটিশনারের সাথে কাউন্সেলিং সেশন অন্তর্ভুক্ত থাকতে পারে।

অস্ট্রেলিয়ান সেন্টার ফর গ্রিফ অ্যান্ড বিরিভমেন্ট-এর দ্বি-ভাষাগত কর্মী রয়েছে যাঁরা আরবি, চেক, ফারসি, ফরাসি, ইতালিয়ান, জাপানি, মাল্টিজ, সিংহালা, তামিল, স্পেনীশ এবং ইহুদি ভাষায় ক্লায়েন্টদের সাথে কাজ করেন। আপনি যখন ফোন করবেন তখন আপনার ভাষার উল্লেখ করুন। অন্যান্য ভাষার জন্য, ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিসে প্রথমে **131 450** নম্বরে কল করুন এবং অস্ট্রেলিয়ান সেন্টার ফর গ্রিফ অ্যান্ড বিরিভমেন্ট-এর জন্য জিজ্ঞাসা করুন।

অস্ট্রেলিয়ান সেন্টার ফর গ্রিফ অ্যান্ড বিরিভমেন্ট বধির ও শ্রবণ প্রতিবন্ধী লোকদের জন্যও অস্ল্যান (Auslan) ব্যবহারকে সহায়তা করে।

ডিমেনশিয়াল সহায়তা:

ডিমেনশিয়া সাপোর্ট অস্ট্রেলিয়া দিনে 24 ঘন্টা, বছরে 365 দিন অস্ট্রেলিয়া জুড়ে সহায়তা সরবরাহ করে। তাঁরা ডিমেনশিয়াল আক্রান্ত ব্যক্তির যত্নপ্রদানকারী লোকদের পরামর্শ এবং সুপারিশ প্রদান করে। তাঁদেরকে **1800 699 799** নম্বরে ফোন করুন। আপনার বা প্রিয়জনের যদি কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে **131 450** নম্বরে ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিসে কল করুন এবং ডিমেনশিয়া সাপোর্ট অস্ট্রেলিয়া-এর উল্লেখ করুন।

ওকালতি:

ওল্ডার পার্সন্স অ্যাডভোকেসি নেটওয়ার্ক অস্ট্রেলিয়া জুড়ে এইজ্‌ড কেয়ার ওকালতি সেবা প্রদান করে। এইজ্‌ড কেয়ার সেবাগুলোতে আপনি যেসব সেবা পেয়ে থাকেন সেগুলোতে যদি আপনার সমস্যা হয় তবে তাঁরা সহায়তা করতে পারেন। ওল্ডার পার্সন্স অ্যাডভোকেসি নেটওয়ার্ক প্রবীণ ব্যক্তি, তাঁদের পরিবার এবং প্রতিনিধিদের জন্য নিখরচায়, গোপনীয়, স্বতন্ত্র উকিল, তথ্য এবং শিক্ষা সরবরাহ করে। **1800 700 600** নম্বরে তাঁদের ফোন করুন। আপনার বা প্রিয়জনের যদি কোনও দোভাষীর প্রয়োজন হয় তবে **131 450** নম্বরে ট্রান্সলেটিং অ্যান্ড ইন্টারপ্রেটিং সার্ভিসে কল করুন এবং ওল্ডার পার্সন্স অ্যাডভোকেসি নেটওয়ার্কের জন্য জিজ্ঞাসা করুন।

COVID-19 সম্পর্কে আরও তথ্য

অফিসিয়াল সূত্রের মাধ্যমে অবহিত থাকা গুরুত্বপূর্ণ। health.gov.au ওয়েবসাইট পরিদর্শন করুন বা ন্যাশনাল কোরোনাভাইরাস হেল্পলাইনে **1800 020 080** নম্বরে কল করুন। অনুবাদ ও দোভাষী সেবার জন্য **131 450** নম্বরে কল করুন এবং ন্যাশনাল কোরোনাভাইরাস হেল্পলাইন-এর জন্য অনুরোধ করুন।